যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৬

১/ বিবিধ

আরবী

لولا النساء لعبد الله حقا حقا

موضوع

وله طريقان

الأول: عن محمد بن عمران الهمذاني، أنبأنا عيسى بن زياد الدورقي ـ صاحب ابن عيينة ـ قال: حدثنا عبد الرحيم بن زيد العمي عن أبيه عن سعيد بن المسيب عن عمر بن الخطاب مرفوعا، أخرجه ابن عدي (ق 312 / 1) وقال: هذا حديث منكر، ولا أعرفه إلا من هذا الوجه، وعبد الرحيم بن زيد العمي أحاديثه كلها لا يتابعه الثقات عليه

قلت: وقال البخاري: تركوه، وقال أبو حاتم: يترك حديثه، منكر الحديث، كان يفسد أباه يحدث عنه بالطامات، وقال ابن معين: كذاب خبيث

قلت: وأبوه زيد ضعيف كما تقدم (51)

والحديث أورده ابن الجوزي في " الموضوعات " (2 / 255) من طريق ابن عدي ثم قال: لا أصل له، عبد الرحيم وأبوه متروكان، ومحمد بن عمران منكر الحديث

قلت: الظاهر أن ابن الجوزي توهم أن محمد بن عمران هذا هو الأخنسي الذي قال فيه البخاري في " تاريخه الكبير " (1 / 1 / 202) : كان ببغداد، يتكلمون فيه، منكر الحديث عن أبي بكر بن عياش، وليس صاحب هذا الحديث هو الأخنسي، بل هو الهمذاني كما صرح ابن عدي في روايته، وهو ثقة وله ترجمة جيدة في " تاريخ بغداد "

(3 / 133 ـ 134) ، فعلة الحديث ممن فوقه
وأما السيوطي فخفي عليه هذا، فإنه إنما تعقب ابن الجوزي بقوله في " اللآليء " (1 / 159) : قلت: له شاهد! ومع ذلك فهذا تعقب لا طائل تحته، لأن الشاهد المشار إليه ليس خيرا من المشهو د له
هو الطريق الآخر: عن بشر بن الحسين عن الزبير بن عدي عن أنس مرفوعا بلفظ لولا النساء دخل الرجال الجنة
رواه أبو الفضل عيسى بن موسى الهاشمي في " نسخة الزبير بن عدي " (1 / 55 / 2) وأبو نعيم في " أخبار أصبهان " (2 / 30) والثقفي في الثقفيات
قلت: وبشر هذا متروك يكذب كما تقدم (28) ، ومن طريقه رواه الديلمي في " مسند الفردوس " بلفظ: " لولا النساء لعبد الله حق عبادته " كما في فيض القدير
وقد اقتصر السيوطي في ترجمة بشر هذا على قوله عقب الحديث: متروك، فتعقبه ابن عراق في " تنزيه الشريعة " (2 / 204) : بل كذاب وضاع فلا يصلح حديثه شاهدا
ومما سبق تعلم أن السيوطي لم يحسن صنعا بإيراده هذه الأحاديث الثلاثة في " الجامع الصغير " خلافا لشرطه الذي ذكرته أكثر من مرة

বাংলা

৫৬। যদি নারী জাতি না থাকত, তাহলে সত্যই সত্য আল্লাহর ইবাদত করা হত।

হাদীসটি জাল।

এটি দু'টি সূত্রে বর্ণিত হয়েছেঃ

প্রথম সূত্রটিতে বর্ণনাকারী আব্দুর রহীম ইবনু যায়েদ আল-আমী রয়েছেন। তিনি তার পিতা যায়েদ হতে ... বর্ণনা করেছেন। ইবনু আদী হাদীসটি (কাফ ১/৩১২) উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি মুনকার। এ সূত্র ছাড়া অন্য কোন সূত্রে হাদীসটিকে চিনি না। নির্ভরযোগ্য বর্ণনাকারীগণ আব্দুর রহীম ইবনু যায়েদ আল-আমীর কোন হাদিসকে সমর্থন করেননি।

আমি (আলবানী) বলছিঃ ইমাম বুখারী তার সম্পর্কে বলেনঃ تركوه মুহাদ্দিসগণ তাকে গ্রহণ করেননি।

ইবনু মাঈন বলেনঃ তিনি একজন মিথ্যুক, খবীস। আবূ হাতিম বলেনঃ তার হাদীস ছেড়ে দেয়া উচিৎ। তিনি মুনকারুল হাদিস। তিনি তার পিতাকে দোষী করতেন। তার থেকে তিনি মহা বিপদ বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তার পিতা যায়েদ দুর্বল। ইবনুল জাওযী হাদীসটি তার "আল-মাওযুআত" গ্রন্থে (২/২৫৫) ইবনু আদীর সূত্রে বর্ণনা করে বলেছেনঃ এর কোন ভিত্তি নেই। আব্দুর রহীম ও তার পিতা উভয়েই মাতরূক।

সুয়ূতী ইবনুল জাওযীর সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (১/১৫৯) বলেছেনঃ এটির শাহেদ রয়েছে, কিন্তু তার এ সমালোচনা যথার্থ নয়। কারণ এর শাহেদ হিসাবে যে হাদীসটি উপস্থাপন করা হচ্ছে সেটি আলোচ্য হাদীসটির চেয়ে উত্তম নয়। হাদীসটি নিম্নরূপঃ

لولا النساء دخل الرجال الجنة

"নারীরা যদি না থাকত, তাহলে পুরুষরা জান্নাতে প্রবেশ করত।"

কারণ এটির সনদে বিশর ইবনু হুসাইন নামক একজন বর্ণনাকারী আছেন। তিনি মাতরূক, মিথ্যা বলতেন।

মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে হাদীসটির ভাষা এভাবে এসেছে, لولا النساء لعبد الله حق عبادته যদি নারী জাতি না থাকত তাহলে যথাযথ আল্লাহর ইবাদাত করা হতো। সুয়ূতী বিশর সম্পর্কে বলতে গিয়ে শুধুমাত্র বলেছেনঃ তিনি মাতরূক। এ জন্য তার সমালোচনা করে ইবনু ইরাক "তানযীহুশ শারীয়াহ" গ্রন্থে (২/২০৪) বলেছেনঃبل كذاب وضاع فلا يصلح حديثه شاهدا বরং তিনি মিথ্যুক, জালকারী, তার হাদীস অন্য হাদীসের সমর্থনে শাহেদ হবার যোগ্য নয়।'

এ বিশর সম্পর্কে ২৮ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5317

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন